

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ জানুয়ারী ২০২৩ খ্রি.

দীর্ঘদিন পর অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণের উদ্যোগ নেয়ায়
মেয়রকে অভিনন্দন জানান সিবিএ'র ভারপ্রাপ্ত সভাপতি জাহিদুল আলম চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের দীর্ঘ ১২বছর পর স্থায়ীকরণের কার্যক্রম শুরু হয়েছে। এরই প্রেক্ষিতে আজ বৃহস্পতিবার বিকালে টাইগারপাসস্থ নগর ভবনের নোটিশ বোর্ডে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২০২০ সালের ছাড়পত্রের আলোকে ২৯টি পদের বিপরীতে ৬৯০ জনের গ্রেডেশন তালিকা টাঙানো হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগ (সিবিএ)'র ভারপ্রাপ্ত সভাপতি জাহিদুল আলম চৌধুরী প্রদর্শিত তালিকায় কোন প্রকার ভুলত্রুটি ও কারো আপত্তি থাকলে আগামী পনের দিনের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

এছাড়া দীর্ঘদিন পর অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের গ্রেডেশন তালিকা প্রকাশ করায় তিনি সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী সহ উর্দ্ধতন কর্মকর্তাদের অভিনন্দন জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩